



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৫ জুন ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

লংগুদু হামলার প্রতিবাদে রাঙামাটিতে ইউপিডিএফ'র আধাবেলা সড়ক ও নৌপথ অবরোধ সফলভাবে পালিত

রাঙামাটির লংগুদুতে সেনা-সেটলার যৌথ হামলায় দু'শতাধিক পাহাড়ি বাড়িতে অগ্নিসংযোগ, লুটপাট ও এক বয়স্ক নারীকে পুড়িয়ে হত্যার প্রতিবাদে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের ডাকে আজ সোমবার (৫ জুন ২০১৭) রাঙামাটি জেলায় ভোর ৫টা থেকে দুপুর ১২টা পর্যন্ত আধাবেলা সড়ক ও নৌপথ অবরোধ কর্মসূচি সফলভাবে পালিত হয়েছে। গত ৩ জুন সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে এই অবরোধ কর্মসূচির ঘোষণা দেওয়া হয়।

অবরোধের কারণে রাঙামাটি জেলা শহর ও উপজেলাসমূহে দূরপাল্লার-অভ্যন্তরীণ সড়ক ও নৌপথে যান চলাচল বন্ধ ছিল। শহরেও তেমন যান চলাচল করেনি। অবরোধের সমর্থনে লোকজন পায়ে হেঁটে বিভিন্ন কাজে গেছে।

ইউপিডিএফের রাঙামাটি জেলা ইউনিটের প্রধান সংগঠক শান্তিদেব চাকমা এক বিবৃতিতে অবরোধ কর্মসূচি সফল করায় জেলার সকল যানবাহন মালিক, চালক ও শ্রমিক সমিতিসহ সর্বস্তরের জনসাধারণের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, আওয়ামী যুবলীগের এক কর্মীর রহস্যজনক লাশ উদ্ধারকে কেন্দ্র করে লংগুদুতে যে তাণ্ডবলীলা চালানো হয়েছে তা পরিকল্পিত এবং নীলনক্সা অনুসারে বাস্তবায়িত হয়েছে। 'রক্ষকই ভক্ষক', নিরাপত্তা বাহিনী ও আইন শৃঙ্খলা রক্ষার্থে নিয়োজিত সংস্থাসমূহ পাহাড়ি জনগণের নিরাপত্তার বড় ধরনের হুমকি লংগুদু ঘটনায় তা আবারও হয়েছে।

বিবৃতিতে তিনি লংগুদু হামলার ন্যায় পার্বত্য চট্টগ্রামে চলমান সকল অন্যায় অবিচারের বিরুদ্ধে সোচ্চার হওয়ার জন্য জেলাবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন।

তিনি অবিলম্বে লংগুদুতে পাহাড়ি গ্রামে হামলা-অগ্নিসংযোগ ও হত্যার ঘটনায় জড়িতদের হেণ্ডার ও শাস্তি, ঘটনা তদন্তে নিরপেক্ষ বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন, ক্ষতিগ্রস্ত পরিবারদের যথোপযুক্ত ক্ষতিপূরণসহ স্ব স্ব জায়গায় পুনর্বাসন ও প্রয়োজনীয় নিরাপত্তা বিধান করা এবং হামলার ইন্ধনদাতাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জোর দাবি জানান।

বার্তা প্রেরক

সচল চাকমা

সংগঠক

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)

রাঙামাটি জেলা ইউনিট।